দৈনিক ইত্তেফাক

তারিখ 0 3 SEP 1988
পৃষ্ঠা 2 কলাম 7

147

## চট্টগ্রামে কৃষি কলেজ চাই

বাংলাদেশে দুইটি কৃষি কলেজ ও একটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে। কিন্তু ইহার একটিও চট্টগ্রাম বিভাগে অবস্থিত নয়। তাই সরকারের নিকট আবেদন যে, চট্টগ্রাম জেলার অন্তর্গত হাটহাজারী উপজেলায় যেন একটি কৃষি কলেজ স্থাপন করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠানের আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র হাটহাজারীতে অবস্থিত। পাশেই আছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। এহেন পরিবেশে একটি কৃষি কলেজ হইলে বৃহত্তর চট্টগ্রাম বিভাগের ছাত্র-ছাত্রীদের কৃষি বিষয়ে শিক্ষা লাভের সুযোগ হইবে।

—তুলসী দাস বৈষ্ণব, হাটহাজারী, চট্টগ্রাম।

## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

আগামী ৮ই সেপ্টেম্বর তারিখে বাংলাদেশসহ সারা বিশ্বে ইউনেস্কোর আহ্বানে ২২তম আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হইবে। উল্লেখ্য যে, জাতিসংঘ ও ইউনেস্কোর সদস্যভুক্ত প্রায় ১৬৯টি দেশ হইতে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে ১৯৬৭ সাল হইতে এই দিবসটি উদযাপিত হইতেছে। বর্তমানে বাংলাদেশে লোকসংখ্যা প্রায় ১১ কোটি। আর এখানে সাক্ষরতার শতকরা হার কারো মতে ১৯%, কারো মতে ২০%, কারো মতে ২৪% এবং কারো মতে ৩০%। আসল পরিসংখ্যান জানা দুঃসাধ্য। দেশে প্রাথমিক স্কুলের প্রয়োজন দেড় লাখ। কিন্তু আছে প্রায় ৪৭ হাজার প্রাথমিক স্কুল। প্রাথমিক স্তরে ড্রপ আউটের হার শতকরা প্রায় ৬০ জন। ভর্তির সুযোগ আছে মাত্র শতকরা ২০ জন শিশুর। আমাদের দেশে প্রতি ৫ জনে ৪ জন লোকই নিরক্ষর। এহেন অবস্থায় উক্ত দিবস পালনের গুরুত্ব ও তাৎপর্য অপরিসীম।

—আবুল কাসেম সন্দীপ, ডাকঘর: সাভার, ঢাকা।